

বাস্তবায়ন	ভৌত ও আর্থিক অগ্রগতি
<p>ঢাকা এনভায়রনমেন্টালী সাসটেইনেবল ওয়াটার সাপ্লাই প্রকল্প :</p> <p>এ প্রকল্পের আওতায় মেঘনা নদীর পশ্চিমতীরে বিশনন্দী পয়েন্ট হতে দৈনিক ৫০ কোটি লিটার পানি উত্তোলন পূর্বক পরিশোধন করে তা ঢাকা মহানগরীতে সরবরাহ করা হবে। উন্নয়ন সহযোগি সংস্থা এডিবি, এএফডি ও আইআইবি এর আর্থিক ঋণ সহায়তায় এবং বাংলাদেশ সরকার ও ঢাকা ওয়াসার নিজস্ব অর্থায়নে আলোচ্য প্রকল্পের কাজ বাস্তবায়িত হচ্ছে। মূল DPP অনুযায়ী প্রকল্পের মেয়াদ ছিল অক্টোবর, ২০১৩ থেকে ডিসেম্বর ২০১৯ পর্যন্ত। প্রকল্পের সময় ও ব্যয় বৃদ্ধি পাওয়াতে গত ০৯/০২/২০২২ইং তারিখে ECNEC সভায় প্রকল্পের ২য় সংশোধিত DPP অনুমোদিত হয়েছে। সংশোধিত (২য়) DPP অনুযায়ী জুন ২০২৪ পর্যন্ত নির্ধারিত রয়েছে এবং মোট প্রকল্প ব্যয় ৮১৪৬.৯৯ কোটি টাকা। এছাড়াও ১০ জুন ২০২৪ তারিখে ব্যয়বৃদ্ধি ব্যতিরেকে প্রকল্পের মেয়াদ ১ (এক) বৎসর অর্থাৎ জুন ২০২৫ পর্যন্ত বৃদ্ধির অনুমোদন সংক্রান্ত পত্র স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পরিকল্পনা-৩ শাখা হতে শাখা হতে পাওয়া গেছে।</p>	<p>২য় সংশোধিত DPP অনুযায়ী প্রকল্পের সামগ্রিক অগ্রগতি :</p> <p>ক) ভৌত অগ্রগতি : ৮৭.৮৫% । খ) আর্থিক অগ্রগতি : ৭৯.২৪% ।</p> <p>অঙ্গভিত্তিক ভৌত অগ্রগতি :</p> <ul style="list-style-type: none"> • প্যাকেজ-১ (DBO-Intake, RWP, WTP) Design Build (DB) contract এর আওতায় দৈনিক ১০৫ কোটি লিটার পানি উত্তোলন ক্ষমতাসম্পন্ন Intake স্থাপনাসহ ৫২.৫ কোটি লিটার পানি সঞ্চালনের জন্য Intake Pumping Station, ২ x ১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট ২২ কিঃ মিঃ Raw Water Pipeline এবং ৫০ কোটি লিটার ক্ষমতাসম্পন্ন পানি শোধনাগার (WTP) নির্মাণ কাজ চলমান আছে। বর্ণিত উপাংশ সমূহের সর্বশেষ অগ্রগতি নিম্নরূপ : <ul style="list-style-type: none"> ১। ইনটেক নির্মাণ : ৯৩.৮৮% ২। Raw Water Pipeline (RWP) স্থাপন : ৭৩.৮১% ৩। পানি শোধনাগার (WTP) নির্মাণ : ৯৮.৪৮% • প্যাকেজ-২ (Treated Water Pipeline) গন্ধর্বপুরে নির্মাণাধীন পানি শোধনাগার এর ডেলিভারী পয়েন্ট হতে ১৪ কিঃ মিঃ দীর্ঘ টুইন ট্রান্সমিশন (২ x ১৬০০ মিঃমিঃ ব্যাস বিশিষ্ট) পাইপ লাইনের মাধ্যমে শীতলক্ষ্যা ও বালু নদীর তলদেশ দিয়ে অতিক্রম (মাইক্রো টানেলিং রিভার ক্রসিং পদ্ধতিতে) করে মাদানী এভিনিউ হয়ে ঢাকার বারিধারা ভাটারা থানা নতুন বাজার পয়েন্ট পর্যন্ত পাইপ লাইন স্থাপন কাজ চলমান আছে। শীতলক্ষ্যা ও বালু নদীর পূর্ব ও পশ্চিম পাড়ের (লঞ্চিং ও রিসিভিং) শ্যাফট এবং পাইপ জ্যাকিং কাজ সমাপ্ত হয়েছে। প্যাকেজের ভৌত (সেকশন-A, B, C ও নদী ক্রসিংসহ মোট ১৪ কিঃ মিঃ) অগ্রগতি : ৯৩.১০% । • প্যাকেজ-৩.১ (Primary Distribution Reinforcement Line) <ul style="list-style-type: none"> ➤ সংগ্রহ: DI পাইপ ৩৫%, DI ফিটিংস ১৫%, HDPE পাইপ ৯৯.৯৯% । ➤ টেপোগ্রাফিক সার্ভে: সেকশন-D, E, F & G সম্পন্ন হয়েছে। ➤ ট্রায়াল পিটস: সেকশন- ডি, ই, এফ, জি ও কে সম্পন্ন হয়েছে। ➤ DNCC, FDEE, DAEEP ও Cantonment Board সহ অন্যান্য স্টেকহোল্ডার থেকে রাস্তা কাটার অনুমোদন পাওয়া গেছে। সেকশন-এফ এর ব্রাঞ্চ লাইনে ৩৬.৫ মিটার টুইন পাইপ স্থাপন করা হয়েছে এবং আনুষ্ঠানিক কাজ চলমান রয়েছে। • প্যাকেজ-৩.২ (Secondary Distribution Reinforcement Line) <ul style="list-style-type: none"> ➤ টেপোগ্রাফিক জরিপ: ৪৩ কিলোমিটারের মধ্যে ৪৩ কিঃমিঃ সম্পন্ন হয়েছে। HDPE পাইপের ২য় লট ইতোমধ্যে ঠিকাদার (CGC) ঢাকা স্টক ইয়ার্ডে পৌঁছেছে। ➤ DNCC, RAJUK ও Cantonment Board সহ অন্যান্য স্টেকহোল্ডার থেকে রাস্তা কাটার অনুমোদন পাওয়া গেছে। ইতোমধ্যে ১৭০০ মিটার পাইপ লাইন সম্পন্ন হয়েছে। বর্তমানে সেকশন-K-2.1 & K-2.2 কাজ চলমান রয়েছে। অগ্রগতি-২০% । • প্যাকেজ- ADF Grant : (Strengthening Access of women and vulnerable groups in selected slums to improve water and sanitation services) <ul style="list-style-type: none"> ➤ ইতোমধ্যে ৬ জন Individual Consultants নিয়োগ দেয়া হয়েছে। ➤ Social Awareness and Legal Empowerment জন্য ২(দুই) টি NGO নিয়োগ দেয়া হয়েছে। ➤ LIC প্রজেক্ট মোট ৪ (চার) টি Lot এ ভাগ করে ইতোমধ্যে ঠিকাদার নিয়োগ হয়েছে। প্রতিটি লটের ১০ (দশ) টি Toilet & Bathing এর জন্য লে-আউট দেয়া হয়েছে, যার কাজ চলমান রয়েছে।

Atun
02/02/2025

Imrul
02.02.2025
মোহাম্মদ ফজলুর রহমান
নির্বাহী প্রকৌশলী
নিগ্রহিউ, ডিইএসডব্লিউএস প্রকল্প
ঢাকা ওয়াসা।

02.02.25
মোহাম্মদ ফজলুর রহমান
তত্ত্বাবধায়ক প্রকৌশলী ও
উপ-প্রকল্প পরিচালক
ডিইএসডব্লিউএসপি, ঢাকা ওয়াসা।

02/02/2025
Md. Wahidul Islam Murad
Superintending Engineer &
Project Director

